

সারাদেশ

শিশুদের লুডু খেলাকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে নিহত ১ আহত ১৫

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ায় শিশুদের লুডু খেলাকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে একজন নিহত হয়েছেন। এ ঘটনায় উভয় পক্ষের অন্তত ১৫ জন আহত হয়েছেন।

শনিবার (১ আগস্ট) সকালে জেলার বিজয়নগর উপজেলার হরষপুর ইউনিয়নের পাইকপাড়া গ্রামে এই ঘটনা ঘটে।

নিহত ব্যক্তির হলেন - হামদু মিয়া (৫৩)। তিনি পাইকপাড়া বঙ্গের হাঁটি এলাকার বাসিন্দা।

প্রত্যক্ষদর্শীরা জানান, শুক্রবার (৩১ জুলাই) বিকেলে হামদু মিয়ার ছেলে নিরবের (১১) সঙ্গে একই পাড়ার আবুল ইসলামের ছেলে ইয়াসিনের (১২) লুডু খেলা নিয়ে কথা-কাটাকাটি ও মারামারি হয়। একপর্যায়ে হামদু মিয়ার লাঠির আঘাতে ইয়াসিনের মাথা ফেটে যায়।

এই ঘটনার জেরে শনিবার সকাল ৯টার দিকে আবুল ইসলামের নেতৃত্বে একদল লোক দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে হামদু মিয়ার বাড়িতে হামলা চালায়। তাদের এলোপাথাড়ি হামলায় ঘটনাস্থলেই হামদু মিয়া নিহত হন। এ সময় তার আট বছরের ছেলে হাসান গুরুতর আহত হয়।

হামলায় উভয় পক্ষের আরও অন্তত ১৪ জন আহত হন। আহতদের মধ্যে লিটন মিয়া (৩৫), এরশাদ (৪০), রেজু বেগম, ফারুক মিয়া ও ইসলাম মিয়ার নাম জানা গেছে। তাদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে।

বিজয়নগর থানার অফিসার ইনচার্জ মো. আহসান উল্লাহ বলেন, খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জেলা সদর হাসপাতাল মর্গে পাঠানোর প্রক্রিয়া চলছে।

তিনি আরও জানান, ঘটনার বিস্তারিত কারণ জানতে ও জড়িতদের চিহ্নিত করতে পুলিশ কাজ করছে। এলাকা বর্তমানে শান্ত ও নিয়ন্ত্রণে রয়েছে।

এ বিভাগের আরও খবর



ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই
ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আট...



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে ড্র্যা মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মশারুফ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...